08 MAR 2017

যুগান্তর

ইবির 'এফ' ইউনিট

# ভর্তি বাতিল : ১৬ মার্চ ফের পরীক্ষা

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) 'এফ' ইউনিটের প্রশ্ন ফাঁস হওয়ার বিষয়টি প্রমাণিত হওয়ায় ভর্তি বাতিল করে নতুন করে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত হয়েছে। আগামী ১৬ মার্চ নতুন ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। ভর্তি বাতিল করায় প্রশাসন ভবন অবরোধ করে বিক্ষোভ করেছে ওই ইউনিটের মাধ্যমে বিভিন্ন বিভাগে ভর্তি হওয়া শিক্ষার্থীরা।

**শিক্ষার্থীদের মানববন্ধন প্রশাসন ভবন অবরোধ**

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, সোমবার সিন্ডিকেটে ওই ইউনিটের ভর্তি বাতিল ও নতুন করে ভর্তি পরীক্ষা নেয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। এ সিদ্ধান্তের প্রতিবাদে মঙ্গলবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে মানববন্ধন করে 'এফ' ইউনিটের শিক্ষার্থীরা। মানববন্ধন শেষে তারা প্রশাসন ভবনের সামনে অবস্থায় নেয়। দুপুর ১টার দিকে প্রশাসন ভবন অবরোধ করে শিক্ষার্থীরা ভবনে প্রবেশ ও বের হতে বাধা সৃষ্টি করে। এ সময় ভিসি প্রফেসর ড. আসকারী, প্রফেসর ড. মো. শাহিনুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. সেলিম তোহা প্রমুখ প্রশাসন ভবনে অবস্থান করছিলেন। দুপুর আড়াইটার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি প্রশাসন ভবন থেকে তাদের সরিয়ে দেয়।